

প্রেস রিলিজ

তারিখ: ১৭ জানুয়ারি ২০২৬

ঢাকায় জার্মান রাষ্ট্রদূতের সম্মানে এএজিইউবি'র সংবর্ধনা, এজিম ও সেমিনার অনুষ্ঠিত

বাংলাদেশে জার্মান বিশ্ববিদ্যালয়সমূহের প্রাক্তন শিক্ষার্থীদের সংগঠন অ্যালামনাই অ্যাসোসিয়েশন অব জার্মান ইউনিভার্সিটিজ ইন বাংলাদেশ (AAGUB)-এর উদ্যোগে আজ ঢাকার ধানমন্ডিতে অবস্থিত গ্যোথে-ইনস্টিটিউট-এ বাংলাদেশে নিযুক্ত মাননীয় জার্মান রাষ্ট্রদূত ড. রুডিগার লটজ-এর সম্মানে এক সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। একই সাথে এসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভা (এজিম)ও অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গ্যোথে ইনস্টিটিউটের পরিচালক ফ্রাংক ওয়ার্নার।

অনুষ্ঠানের শুরুতে রাষ্ট্রদূত ড. রুডিগার লটজ-কে আন্তরিক শুভেচ্ছা ও স্বাগত জানানো হয়। এ উপলক্ষে একটি সেমিনারের আয়োজন করা হয়, যেখানে দেশের বিভিন্ন প্রান্ত থেকে আগত এএজিইউবি'র অ্যালামনাই সদস্যরা অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এএজিইউবি'র সভাপতি এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক অ্যাসোসিয়েট প্রফেসর ডা. আব্দুল্লাহ আল মামুন খান।

সভাপতির বক্তব্যে অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম বলেন, “বাংলাদেশ ও জার্মানির মধ্যকার শিক্ষা, গবেষণা ও সাংস্কৃতিক সম্পর্ক দীর্ঘদিনের এবং অত্যন্ত সুদৃঢ়। এই সম্পর্ককে আরও এগিয়ে নিতে জার্মান বিশ্ববিদ্যালয়ের অ্যালামনাইরা একটি কার্যকর সেতুবন্ধন হিসেবে কাজ করছে। জ্ঞানভিত্তিক সমাজ বিনির্মাণে আন্তর্জাতিক সহযোগিতা আজ সময়ের দাবি।”

তিনি আরও বলেন, “এএজিইউবি ভবিষ্যতেও শিক্ষা, গবেষণা ও উদ্ভাবনের ক্ষেত্রে দুই দেশের মধ্যে পারস্পরিক সহযোগিতা জোরদারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।”

প্রধান অতিথির বক্তব্যে জার্মান রাষ্ট্রদূত ড. রুডিগার লটজ বাংলাদেশে তাঁর দায়িত্বকালীন অভিজ্ঞতার কথা তুলে ধরেন এবং শিক্ষা ও গবেষণায় জার্মানির সুযোগ-সুবিধা সম্পর্কে আলোকপাত করেন। তিনি বাংলাদেশি শিক্ষার্থী ও গবেষকদের জার্মান উচ্চশিক্ষার প্রতি আগ্রহের প্রশংসা করেন এবং দ্বিপাক্ষিক সহযোগিতা আরও সম্প্রসারণের আশাবাদ ব্যক্ত করেন।

অনুষ্ঠানে উপস্থিত অ্যালামনাই সদস্যরা তাঁদের শিক্ষাজীবনের অভিজ্ঞতা বিনিময় করেন এবং ভবিষ্যতে এএজিইউবি'র বিভিন্ন কার্যক্রমে সক্রিয়ভাবে অংশগ্রহণের অঙ্গীকার ব্যক্ত করেন। অনুষ্ঠানটি সৌহার্দ্যপূর্ণ পরিবেশে আলোচনা ও মতবিনিময়ের মাধ্যমে সমাপ্ত হয়।



মোঃ জাহাঙ্গীর হোসেন পাইক

যুগ্ম-পরিচালক

মোবাইল: ০১৭১৪৫০৫৭৪৭